সা ত দি ন

১৫ জুলাই : জাতীয় সংসদের ঘটনাবহুল বাজেট অধিবেশন সমাপ্ত হয়েছে। প্রধান বিরোধীদল আওয়ামী লীগ সমাপ্তি অধিবেশনে উপস্থিত ছিল না।

বন্ধ ঘোষিত আদমজী জুট মিল শ্রমিকদের গোল্ডেন হ্যান্ডশেকসহ বকেয়া পাওনা পরিশোধ শুরু হয়েছে।

১৬ জুলাই : চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল এলাকায় গণহারে চাঁদাবাজি কালে পাঁচলাইশ থানা পুলিশ ছাত্রদলের চট্টগ্রাম মেডিকেল কলেজ শাখার ৪ নেতাকে গ্রেপ্তার করে।

সরকারের ১৭টি মন্ত্রণালয় ও সংস্থায় বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে ৬৬৪ কোটি টাকা লোপাট হয়েছে বলে মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের (সিএজি) ৮টি বিশেষ ও ২০টি বার্ষিক অডিট রিপোর্টে এ তথ্য জানানো হয়।

অশ্রুসজল চোখে বিদায় নিলেন ভিকারুননিসা স্কুল ও কলেজের অধ্যক্ষা হামিদা আলী।

১৭ জুলাই : চাঞ্চল্যকর শিহাব হত্যা মামলার রায়ে বিচারক ৪ জনকে ফাঁসির রশিতে মৃত্যুদন্ড কার্যকরের হুকুম দিয়েছেন।

গাইবান্ধায় কতিপয় বখাটে তরুণের হাত থেকে সম্ভ্রম বাঁচাতে পুকুরে ঝাঁপ দিলে স্কুল ছাত্রী তৃষার (১১) মৃত্যু হয়। এই ঘটনাকে কেন্দ্র করে শহরে ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয়েছে।

১৮ জুলাই : ৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে বাংলাদেশ স্যাটেলাইট ক্যাবল নেটওয়ার্ক ওনার্স এসোসিয়েশন ও ক্যাবল অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ ঘোষিত ধর্মঘট কর্মসূচি অনুযায়ী সারা দেশে স্যাটেলাইট অনুষ্ঠান সম্প্রচার বন্ধ হয়ে গেছে।

রাজধানীর ধানমন্ডি এলাকায় ছিনতাইকারীরা আলী আশরাফ (৪৫) নামে এক ব্যক্তিকে হত্যা করে ৩ লাখ টাকা নিয়ে যায়।

১৯ জুলাই : রাজধানী সূত্রাপুর থানার ধোলাইখাল এলাকায় দুই গ্রুপের বন্দুকযুদ্ধে ১ জন নিহত ও ৮ জন গুলিবিদ্ধ হয়।

জামালপুরের লাহিড়ীকান্দা নামক স্থানে ট্রাক উল্টে মহিলা ও শিশুসহ ৫ জনের মৃত্যু এবং অপর ৭ জন গুরুতর আহত হয়েছে।

২০ জুলাই : দেশের বর্তমান মজুদ থেকে গ্যাস রপ্তানি সম্ভব নয় বলে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে গ্যাসের বিকল্প ব্যবহার নির্ধারণ সংক্রান্ত কমিটি। আরো বলা হয়েছে, নতুন গ্যাস ক্ষেত্র না পাওয়া পর্যন্ত বর্তমান মজুদ থেকে আর রপ্তানি নয়।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র সংসদ ইউকসু স্থগিত ঘোষণা করা হয়েছে সেই সঙ্গে বুয়েট ক্যাম্পাসে সব ধরনের রাজনৈতিক কর্মকান্ড নিষিদ্ধ এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কর্তৃপক্ষের এই নিষেধাজ্ঞা বহাল থাকবে বলে জানানো হয়েছে।

২১ জুলাই : তথ্য মন্ত্রণালয়ে একটানা প্রায় আড়াই ঘন্টা বৈঠকের পরও ক্যাবল টিভি ধর্মঘট নিরসনের ব্যাপারে কোনো সিদ্ধান্ত গৃহীত হয়নি।

পিডিবিকে হোল্ডিং কোম্পানিতে রূপান্তরের সিদ্ধান্ত নিয়েছে পিডিবি বোর্ড।

শরীয়তপুর জজ কোর্ট আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা সংহতি পরিষদের চেয়ারম্যান কর্নেল (অবঃ) শওকত আলী এমপির জামিনের শুনানি শেষে আবেদন নামঞ্জুর করে।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মীর মোহাম্মদ নাছির উদ্দিন এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মেজর (অবঃ) কামরুল ইসলাম যৌথভাবে বিদেশে গমণকারী ও প্রবাসীদের যাতায়াত সুবিধার্থে দুটি বিলাসবহুল বাসের উদ্বোধন করেন।

অভিনন্দন বুয়েট

বুয়েটের মেধাবী ছাত্রী সাবেকুন নাহার সনি নিহত হওয়ার পর ছাত্র রাজনীতি নিয়ে ছাত্রসমাজের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। সনি নিহত হবার পর সাপ্তাহিক ২০০০-এর পক্ষ থেকে ছাত্র রাজনীতি বিষয়ে বুয়েটের ছাত্র-ছাত্রীদের মাঝে জরিপ করা হয়। জরিপের ফলাফলে দেখা যায়, বুয়েটের ৮৫ ভাগ শিক্ষার্থী বুয়েটে ছাত্র রাজনীতি বন্ধ করার পক্ষে, ১৫ ভাগ বিপক্ষে, ৬০ ভাগ ছাত্র মনে করে বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ হলেই সন্ত্রাস দূর হবে। এ জরিপ প্রকাশের পর একাডেমী কাউন্সিলের সিদ্ধান্তে মূলত বুয়েটের শিক্ষার্থীদের মতামতই প্রতিফলিত হয়েছে।

টেন্ডারের আধিপত্য বিস্তারের লড়াইয়ে মেধাবী ছাত্রী সাবেকুন নাহার সনির মৃত্যুর পঞ্চাশ দিনের মাথায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র রাজনীতি বন্ধে সিদ্ধান্ত নিয়েছে। একাডেমী কাউন্সিলের ২০ জুলাই অনুষ্ঠিত সভায় স্থগিত করা হয়েছে ছাত্র সংসদের সব কার্যক্রমও। মেধাবী ছাত্রদের শিক্ষাঙ্গন বুয়েট কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত নিঃসন্দেহে সাহসী উদ্যোগ। অভিনন্দন বুয়েট।

এদেশের ছাত্র রাজনীতির রয়েছে গৌরবোজ্জ্বল অধ্যায়। বায়ান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে নব্বইয়ের গণ অভ্যুত্থান পর্যন্ত ছাত্রসমাজ রেখেছে সাহসী ভূমিকা। তবে গত এক দশকে ছাত্র রাজনীতি চাঁদাবাজি, টেন্ডারবাজি, অপহরণ, হল দখল সর্বস্ব হয়ে উঠেছে। ছাত্র নামধারী নেতারা ব্যস্ত থাকেন টেন্ডারবাজি, চাঁদাবাজিতে। ক্ষমতাসীন দলের ছাত্র নেতারা রাতারাতি কোটিপতি হয়ে পড়েন। একটি পরিসংখ্যানে দেখা গেছে, গত দুই দশকে শিক্ষাঙ্গনগুলোতে প্রায় তিনশ' ছাত্র নিহত হয়েছে। হল দখল, টেন্ডার দখল, চাঁদাবাজির ভাগ-বাটোয়ারায় অন্তর্দ্বন্দ্বের সংঘর্ষ হয়েছে সহস্রবার। এদেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাসের গোড়াপত্তন হয়েছে আইয়ুব সরকারের শাসনামল থেকে। '৭৪ সালের ৪ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলে সাত হত্যাকান্ড ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের অন্তর্কোন্দলে। সম্প্রতি ছাত্র রাজনীতির নামে সন্ত্রাসের নানা রূপ। স্বাধীনতা উত্তর শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫৭ জন ছাত্র নিহত হয়েছে।

মূলত ছাত্র রাজনীতির নামে বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে থাকছে অস্ত্রধারী সন্ত্রাসীরা। বহিরাগত অপরাধীরা এসে আশ্রয় নেয় হলে। শিক্ষা নয়, হলগুলোতে চলে অস্ত্রের প্রতিযোগিতা। গরিবের সন্তান বিশ্ববিদ্যালয়ে পড়তে এসে লাশ হয়ে বাড়ি ফেরে। রাজনৈতিক দলের নেতাদের ছত্রছায়ায় গ্রাম থেকে আসা নিরীহ ছাত্রটি অস্ত্রবাজ হয়ে আত্মপ্রকাশ করে। কখনো বা পুলিশের হাতে ধরা পড়ে জেলে থাকে, অসহায়ত্বে ভোগে বাবা-মা।

অস্ত্রনির্ভর ও লেজুড় বৃত্তি ছাত্র রাজনীতি বন্ধের জন্য বিগত সরকারের সময় সাবেক রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ বিভিন্ন অনুষ্ঠানে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছিলেন। রাষ্ট্রপতির এ সিদ্ধান্তে মৌন অবস্থান নিয়েছিল ক্ষমতাসীন আওয়ামী লীগ। বিরোধী দল বিএনপি তখন ছাত্র রাজনীতি বন্ধের বিরুদ্ধে হুঙ্কার দিয়েছে। তখন আন্দোলনে ছাত্রদের বিএনপির প্রয়োজন ছিল। মূলত ছাত্র সংগঠনগুলোকে সকল মহল ক্ষমতায় থাকার হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে। তবে দেরিতে হলেও এখন ছাত্র রাজনীতি বন্ধে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ইচ্ছাকে অভিভাবক মহল ইতিবাচক পদক্ষেপ হিসেবেই দেখছে। গত বছর ১৯ মে নেতিবাচক ছাত্র রাজনীতি বন্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে রাজনৈতিক দলগুলোকে বাধ্য করতে হাইকোর্টে একটি মামলা দায়ের করা হয়। মামলাটি দায়ের করেন ব্যারিস্টার ওমর সাদাত। পরে হাইকোর্ট একটি রুলনিশি জারি করে।

সনির গ্রেপ্তারের দাবিতে সমাবেশ

বুয়েটে ছাত্র রাজনীতি অনির্দিষ্টকালের জন্য স্থগিত হওয়ায় চলমান নেতিবাচক ছাত্র রাজনীতি বন্ধের সিদ্ধান্ত এক ধাপ এগিয়ে গেছে। বিশ্ববিদ্যালয় সংস্কার কমিশন শীঘ্রই ছাত্র রাজনীতি বন্ধের সুপারিশ সংবলিত রিপোর্ট সরকারের কাছে জমা দেবে বলে জানা গেছে।

বুয়েটে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার বিরুদ্ধে ইতিমধ্যে বিভিন্ন সংগঠন সমাবেশ করেছে। আন্দোলন হুমকি দিয়েছে। এসব চাপ আসবে জেনেও বুয়েটের একাডেমী কাউন্সিল ছাত্র রাজনীতি অনির্দিষ্টকালের জন্য নিষিদ্ধ করেছে। বুয়েটের উপাচার্য অধ্যাপক নূর উদ্দীন সাহসের সঙ্গে অতীতের মতোই পদক্ষেপ নিয়েছেন। সচেতন মহল আশা করে, বুয়েটের ছাত্র রাজনীতি নিষিদ্ধের সিদ্ধান্ত নিয়ে কোনো মহল যেন ঘোলা পানিতে মাছ শিকার না করতে পারে।

দেশের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রকৌশল বিশ্ববিদ্যালয় যেন তার অতীত গৌরব ধরে রাখতে পারে।

অদিত্য রায়হান

‘সাপ্তাহিক ২০০০’ ছাত্ররাজনীতি বিষয়ক জরিপ ফরম

নাম .... **পেশা** ....

শিক্ষা প্রতিষ্ঠানের নাম .... **ঠিকানা** ....

১। ছাত্ররাজনীতির সঙ্গে জড়িত -	ক. হ্যাঁ ☐ খ. না ☐
২। ছাত্ররাজনীতি সম্পর্কে দৃষ্টিভঙ্গি -	ক. ভালো ☐ খ. মোটামুটি ☐ গ. খুব খারাপ ☐
৩। ছাত্ররাজনীতি বন্ধ হওয়া প্রয়োজন -	ক. পক্ষে ☐ খ. বিপক্ষে ☐
৪। ছাত্র রাজনীতি বন্ধ করে দিলে -	ক. ইতিবাচক প্রভাব পড়বে ☐ খ. নেতিবাচক প্রভাব পড়বে ☐
৫। ছাত্র রাজনীতি বন্ধ করলেই -	ক. ক্যাম্পাস সন্ত্রাসমুক্ত হবে ☐ খ. হবে না ☐
৬। মূল রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ততা না রেখে, ছাত্র নেতারা যদি ছাত্র-ছাত্রীদের জন্য স্বাধীনভাবে কাজ করতে পারে সে রকম ছাত্র রাজনীতি -	ক. চান ☐ খ. চান না ☐ গ. ছাত্র রাজনীতির কোনো প্রয়োজন নেই ☐

এ বিষয়ে আমরা আপনার মতামত চাই। ওপরের অংশটি পূরণ করে কেটে পাঠান। পরবর্তীতে আমরা আপনাদের পাঠানো মতামতের ওপর তৈরি ফলাফল পত্রিকায় রিপোর্ট আকারে প্রকাশ করবো। বাংলাদেশের যেকোনো নাগরিক অংশগ্রহণ করতে পারবে।

পাঠানোর শেষ তারিখ : **১৫ আগস্ট, ২০০২**

পাঠাবার ঠিকানা : **ছাত্ররাজনীতি বিষয়ক জরিপ**

সাপ্তাহিক ২০০০, ৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০